



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
আইসিটি শাখা
www.noakhali.gov.bd

তাগিদপত্র
সীমিত

স্মারক নম্বর: ০৫.৪২.৭৫০০.০১৫.৪১.০০১.২৩.৪৪

তারিখ: ৭ চৈত্র ১৪২৯

২১ মার্চ ২০২৩

বিষয়: ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) সংক্রান্ত তথ্যাদি সেবা বক্স আকারে
সুনির্দিষ্টক্রমে আপলোড প্রসঙ্গে

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের ১৫ মার্চ ২০২৩ এর ০৪.০০.০০০০.৮১১.৫৫.০০১.১৭.৫৫ স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন এবং সেবা সংক্রান্ত তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের উদ্যোগে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয় যা সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি এবং সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহি বৃদ্ধির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

০২। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মাঠ প্রশাসনের কার্যালয়সমূহের ওয়েবসাইট নিয়মিতভাবে পরিবীক্ষণ করা হয়। সাম্প্রতিক পরিবীক্ষণে দেখা যায়, কোনো কোনো কার্যালয়ের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) সংক্রান্ত তথ্যাদি সঠিক লোগো ব্যবহারপূর্বক দৃশ্যমান স্থানে সেবা বক্স আকারে সুনির্দিষ্টক্রমে আপলোড করা হয় না। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবা বক্স সঠিক লোগো ব্যবহারপূর্বক দৃশ্যমান স্থানে সুনির্দিষ্টক্রমে ওয়েবসাইটে উপস্থাপনা করা না হলে বা ব্যত্যয় পরিলক্ষিত হলে তদন্তক্রমে ব্যবস্থাগ্রহণ করা হবে মর্মে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০৩। এমতাবস্থায় আওতাধীন মাঠ পর্যায়ের সরকারি দপ্তর/সংস্থার অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবা বক্স সঠিক লোগো ব্যবহারপূর্বক দৃশ্যমান স্থানে সুনির্দিষ্টক্রমে ওয়েবসাইটে উপস্থাপনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অবহিত করা হলো

সংযুক্তিঃ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত পত্র ০২(দুই) ফর্দ

২২-৩-২০২৩

অজিত দেব

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

ফোন: ০১৮৯৬১৭০০০১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) জেলা কর্মকর্তা (সকল), নোয়াখালী
- ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালী
- ৩) সহকারী প্রোগ্রামার (সকল), নোয়াখালী [কারিগরি সহায়তার অনুরোধসহ]

ফ্যাক্স: ০৩২১-৬১০৬২

ইমেইল:

adceduictnoakhali@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.৭৫০০.০১৫.৪১.০০১.২৩.৪৪/১(৭)

তারিখ: ৭ চৈত্র ১৪২৯
২১ মার্চ ২০২৩

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
- ২) উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৩) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৪) প্রোগ্রামার(ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নোয়াখালী [বিষয়টি মনিটরিং এর অনুরোধসহ]
- ৫) গোপনীয় সহকারী (অফিস), গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী [জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত]
- ৬) স্টাট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (অতিরিক্ত দায়িত্ব), সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৭) অফিস কপি



২২-৩-২০২৩

অজিত দেব

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)